

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৮.১৮/ ৬৭৪৭৩


তারিখ: ০২/০৮/১৪২৬ বঙ্গাব্দ:  
১৫/১২/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন শহীদ আয়ুব ও মুসা মেমোরিয়াল ডিগ্রি কলেজের জনাব মোঃ গোলাম ফারুক, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) এর এমপিওভুক্ত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন শহীদ আয়ুব ও মুসা মেমোরিয়াল ডিগ্রি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শিক্ষকের একটি শূণ্য পদে মোঃ ফিরোজ আহমদ গত জুলাই ২০১৯ এ এমপিওভুক্ত হন। মোঃ গোলাম ফারুক, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) গত ৩১/০১/২০০২খ্রি. তারিখের নিয়োগ পত্র অনুযায়ী ০২/০২/২০০২খ্রি. তারিখে অত্র কলেজে ডিগ্রি পর্যায়ে তৃতীয় শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হন। দ্বিতীয় শিক্ষকের শূণ্য পদ এমপিওভুক্ত হওয়ায় জনাব গোলাম ফারুককে তৃতীয় শিক্ষক হিসেবে এমপিওভুক্ত করার জন্য অধ্যক্ষ আবেদন করেন।

আবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ গোলাম ফারুক, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) তৃতীয় শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হলেও প্রতিষ্ঠানের বর্ণিত বিষয়ে ০১ জন মাত্র শিক্ষক এমপিওভুক্ত থাকায় তিনি দ্বিতীয় শিক্ষক হিসেবে বিবেচিত হয়েছেন। দ্বিতীয় শিক্ষক হওয়ায় মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৮.১৮/৫১২৯/৬, তারিখ- ২৯/১১/২০১৮খ্রি. মোতাবেক জনাব মোঃ গোলাম ফারুক কে সমন্বয় পূর্বক এমপিওভুক্ত করার জন্য অধ্যক্ষকে পত্র দেয়া হয়।

এমতাবস্থায়, উক্ত পত্রের আলোকে কেন জনাব মোঃ গোলাম ফারুক কে সমন্বয় পূর্বক এমপিওভুক্ত করা হয়নি তার ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (ক-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ  
শহীদ আয়ুব ও মুসা মেমোরিয়াল ডিগ্রি কলেজ  
পাইকগাছা, খুলনা।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ আয়ুব ও মুসা মেমোরিয়াল ডিগ্রি কলেজ, পাইকগাছা, খুলনা।
- ২। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৩। সংরক্ষন নথি।